

অফ লাইন ব্রাউজিং

লিখেছেন **আনোয়ার আসাদ**

বিল ছাড়া কখনো ইন্টারনেট ব্রাউজ করেছেন? শুনতে কথাটি অসম্ভব শোনালেও এ ব্যাপারটা সম্ভব। আর এটা সম্ভব অফ লাইন ব্রাউজিংয়ে মাধ্যমে। যখন আপনি কোনো ওয়েব পেইজকে অফ লাইনের জন্য সেভ করবেন, তখন আপনি ঐ পেইজটির ডাটা ও তথ্যগুলো ইন্টারনেটে সংযুক্ত না করেও পড়তে পারবেন। যেমন, আপনি আপনার ল্যাপটপে এই পেইজগুলো দেখতে পারবেন যখন আপনার ল্যাপটপে কোনো নেটওয়ার্ক অথবা ইন্টারনেটের কানেকশন থাকবে না। অথবা আপনি আপনার বাসায় ওয়েব পেইজগুলো পড়তে চাচ্ছেন, অথচ মডেলের সঙ্গে ফোন লাইন সংযুক্ত করতে চাচ্ছেন না।

এছাড়া অফ লাইন ব্রাউজিংয়ে ক্ষেত্রে আপনি নির্ধারণ করে দিতে পারবেন যে, আপনি যে ওয়েব পেইজটিকে অফ লাইনে চাচ্ছেন, শুধু সেই পেইজটিই দেখবেন না, তার ভেতরের যত লিংক আছে সেগুলোও দেখবেন।

ডেস্কটপ, প্রোগ্রাম অথবা টাস্কবার থেকে ইন্টারনেট এক্সপ্লোরার ওপেন করুন। অনলাইনে থাকা অবস্থায় আপনার কাঙ্ক্ষিত ওয়েব পেইজটির ঠিকানা নির্দিষ্ট স্থানে টাইপ করে Go বোতামে ক্লিক করুন অথবা কি-বোর্ড থেকে Enter চাপুন।

ওয়েব পেইজটি লোড হবার পর এক্সপ্লোরারের Favourites মেনুতে ক্লিক করে Add to favourites-এ ক্লিক করুন। অতঃপর একটি ডায়লগ বক্স ওপেন হবে। বক্সের Make available offline কমান্ডটটির পাশের চেক বক্সটিতে টিক দিন। টিক দেবার কারণে পাশে Customise বোতামটি একটিভ হবে। Customise বোতামে ক্লিক করুন।

এ পর্যায়ে offline Favourite wizard নামে একটি ডায়লগ বক্স আসবে। বক্স In the future, do not show this introduction screen অবশনটির পাশের চেক বক্সটি চেক করে দিন। কেননা, অনলাইনে এই উইন্ডোটি বিরক্তির সৃষ্টি করবে এবং সময় নষ্ট করবে। এরপর Next বোতামে ক্লিক করুন।

পরবর্তীতে আসা উইন্ডোতে আপনাকে যা জিজ্ঞেস করবে তার সার সংক্ষেপ হলো, আপনি কি শুধু কারেন্ট পেইজটিই অফ লাইনের জন্য সংরক্ষণ করবেন না পেইজটির লিংকগুলোও ডাউনলোড করবেন? এরপর No এবং Yes দুটি অপশন থাকবে। যদি শুধু ঐ পেইজটি অফ লাইনের জন্য রাখতে চান তবে No সিলেক্ট করুন। আর যদি ঐ



পেইজটির লিংকগুলোও চান তবে Yes সিলেক্ট করুন এবং পাশের এনাবল হওয়া ঘরে কয়টি লিংক সংরক্ষণ করবেন তা সিলেক্ট করুন অথবা কি-বোর্ডের সাহায্যে টাইপ করে দিন। অতঃপর Next বোতামে ক্লিক করুন।

এবার যে উইন্ডোটি প্রদর্শিত হবে, সেখানে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে, আপনি নিজে ম্যানুয়ালি Tool মেনু থেকে Synchronize অপশনে ক্লিক করে ওয়েব পেইজটি আপগ্রেড করবেন, না কি নিয়মিত ব্যবধানে ওয়েব পেইজটি অটোমেটিক আপগ্রেড হবে। প্রথম অপশনটিই ভালো

সিলেক্ট করার জন্য। অতঃপর Next বোতামে ক্লিক করুন।

এবার আসা উইন্ডোতে জানতে চাইবে যে, আপনি যে সাইটটিতে এক্সেস করেছেন বা করতে চাইছেন- সে সাইটটিতে কোনো User Name এবং Password-এর প্রয়োজন আছে কি না। যদি প্রয়োজন না থাকে তবে No সিলেক্ট করে Finish বোতামে ক্লিক করুন। আর প্রয়োজন হলে Yes বোতামে ক্লিক করুন। নিচে তিনটি ফিল্ড এনাবল হবে। User Name-এর পাশের বক্সে ব্যবহারকারীর নাম এবং Password ও Confirm Password-এর পাশের বক্সে পাসওয়ার্ড লিখে Finish বোতামে ক্লিক করুন। এ পর্যায়ে ডাউনলোড শুরু হবে। আপনার কাঙ্ক্ষিত ওয়েব পেইজটি এবং আপনার নির্দিষ্টকৃত লিংক পেইজগুলো যথারীতি ডাউনলোড হবে। ডাউনলোড হতে কয়েক মিনিট সময় লাগতে পারে। এ সময় ইন্টারনেটে অন্যান্য কাজ করা থেকে বিরত থাকলে ডাউনলোড দ্রুততর হবে।

ডাউনলোড শেষ হবার পর লাইন ডিসকানেক্ট করে দিন। এবার ফাইল মেনু থেকে Work offline সিলেক্ট করুন। এখন আপনি Favourite মেনুর মাধ্যমে ডাউনলোড করা ওয়েব পেইজটি ব্রাউজ করতে পারবেন। এর জন্য ইন্টারনেটের কোনো বিল আপনাকে দিতে হবে না।

টিপস্ এন্ড ট্রিকস্

ফ্লপি ডিস্ক

■ ফ্লপি ডিস্কের সঙ্গে সর্বদা কাভার বক্স ব্যবহার করুন। কাভার বক্স ফ্লপি ডিস্ককে ধুলোবালির হাত থেকে রক্ষা করবে।

■ মোটামুটি ঠান্ডা আবহাওয়ায় ফ্লপি ডিস্ক রাখার চেষ্টা করুন।

■ ছোট বাচ্চাদের হাতের নাগালের বাইরে রাখুন।

■ যদি একের অধিক ফ্লপি ডিস্ক রাখার প্রয়োজন হয়, তবে দুটি ফ্লপি ডিস্কের মাঝখানে টিস্যু অথবা নরম কাগজ ব্যবহার করতে পারেন।

■ ফ্লপি ডিস্কের বহিরাবরণে সব সময় হাত রাখুন। কখনোই ফ্লপি ডিস্কের উল্টো পাশে যে গোল পিতলের চাকতি রয়েছে তা ঘোরাবেন না। এতে করে ফ্লপি ডিস্ক নষ্ট হয়ে যেতে পারে। আর নষ্ট না হলেও ডিস্কের স্টোরেজ এরিয়াতে ব্যাড সেক্টর পড়ে যাবে।

■ ফ্লপি ডিস্কের উপরে যে মুভেবল অংশ রয়েছে অর্থাৎ, যে অংশটি সরালে এর স্টোরেজ অংশটি দেখা যায়, কখনোই সেটি নাড়াচাড়া করবেন না বা সরাবেন না। এর ফলে স্টোরেজ মিডিয়াতে ধুলোবালি পড়ার সম্ভাবনা থাকে অথবা ডাটা নষ্ট হবার আশঙ্কা থাকে।

■ ফ্লপি ডিস্ক বারবার ফরম্যাট করা থেকে বিরত থাকুন। খুব বেশি প্রয়োজন না হলে ফ্লপি ডিস্ক ফরম্যাট করার প্রয়োজন নেই।

■ প্রতিবার ফ্লপি ডিস্ক ব্যবহারের আগে ডিস্কটি স্ক্যান করে নিন। স্ক্যান করার নিয়ম হলো, ফ্লপি ড্রাইভের আইকনে মাউসের রাইট বাটন ক্লিক করুন। নতুন আসা পপ-আপ মেনুর Properties সিলেক্ট করুন অতঃপর Tools ট্যাব থেকে Scandisk সিলেক্ট করুন।

■ ফ্লপি ডিস্কের ব্যাড সেক্টর ঠিক করার জন্য Nopton Disk Doctor সফটওয়্যারটি ব্যবহার করতে পারেন। এর Surface Test অপশনের মাধ্যমে ফ্লপি ডিস্কের ব্যাড সেক্টর ব্লক করে বারবার ফ্লপি ব্যবহার করতে পারবেন।

■ ফ্লপি ড্রাইভে ফ্লপি খুব নরম হাতে ধরে আস্তে করে ধাক্কা দিয়ে প্রবেশ করান।

■ ড্রাইভ থেকে ফ্লপি বের করার আগে লক্ষ্য করুন ফ্লপি ড্রাইভের সবুজ বাতিটি বন্ধ হয়েছে কি না। বন্ধ হলে ফ্লপি ডিস্কটি বের করুন।

আনোয়ার আসাদ

এছাড়া যদি আপনারা কোনো ওয়েব পেইজ Favourite মেনু ছাড়া অফ লাইনের জন্য সংরক্ষণ করতে চান, তবে ঐ ওয়েব পেইজের File মেনু থেকে sare As অপশনটি সিলেক্ট করুন। পেইজটির যেকোনো একটি নাম দিন অথবা যা আছে তাই রেখে Save বোতামে ক্লিক করুন। ব্যস, পেইজটি সংরক্ষিত হয়ে গেলো। আপনি এখন ইন্টারনেটে সংযুক্ত না থেকেও পেইজটি ব্রাউজ করতে পারবেন।